গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৪.১৮-৩২৪ তারিখ:২২.১০.২০১৮খ্রি:

বিষয়: মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং ১১৯/২০১৬ মামলায় (রিট পিটিশন নং-১১৬৩৮/২০১৫ হতে উদ্ভুত) রায় অনুযায়ী পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চিনাভাতকুর ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত সুপার জনাব মো: আব্দুর রউফ এর দাবিকৃত সেপ্টেম্বর/২০০৮ থেকে মে/২০০৯ পর্যন্ত বকেয়া বেতন ভাতা (এমপিও) পরিশোধের বিষয়ে সুযোগ না থাকায় বিষয়টি আদালতকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৯.১৭-১৯৪ তারিখ: ২০.০৯.২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চিনাভাতকুর ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত সুপার জনাব মো: আব্দুর রউফ কর্তৃক সেপ্টেম্বর/২০০৮ থেকে মে/২০০৯ পর্যন্ত বকেয়া বেতন ভাতার (এমপিও) সরকারি অংশ দাবি করে মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন দায়ের করা হয়, যার নং-১১৬৩৮/২০১৫।

০২. উক্ত রিট পিটিশন মামলায় ১৭.১১.২০১৫ খ্রি. তারিখের আদেশে বাদী কর্তৃক ২৪.০৮.২০১৪ খ্রি. তারিখের আবেদনপত্রটি বিধি মোতাবেক নিষ্পত্তির জন্য বিবাদীগণের প্রতি নির্দেশনা দেয়া হয়। উক্ত আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই।

০৩. উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষক ও কর্মচারী জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকা (৪ঠা ফেব্রুয়ারী ২০১০ এ প্রণীত) মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত এর ১৮(২) অনুচ্ছেদ অনুযায়ী বকেয়া প্রদানের কোন সুযোগ না থাকায় বিভিন্ন কারণে বর্ণিত প্রতিষ্ঠানের সেপ্টেম্বর/২০০৮ থেকে মে/২০০৯ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদান করা সম্ভব নয় মর্মে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক পিটিশনারকে অবহিত করা হয়েছে।

০৪. বর্ণিত বিষয়টি মহামান্য হাইকোর্টকে অবহিত করার জন্য সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫. এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং ১১৯/২০১৬ মামলায় (রিট পিটিশন নং-১১৬৩৮/২০১৫ হতে উদ্ভুত) রায় অনুযায়ী পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চিনাভাতকুর ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত সুপার জনাব মো: আব্দুর রউফ এর দাবিকৃত সেপ্টেম্বর/২০০৮ থেকে মে/২০০৯ পর্যন্ত বকেয়া বেতন ভাতা (এমপিও) পরিশোধের বিষয়ে সুযোগ না থাকায় বিষয়টি আদালতকে অবহিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

N 11.10.18
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিজ্ঞ প্যানেল আইনজীবি
জনাব শেখ শফিক মাহমুদ (পুষ্প),আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, চেম্বার নং-বি-০১, (৭ম তলা) ২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, পানির ট্যাংকির বীপরিত পার্শ্ব, বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপি :
০১. বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, এ্যাটর্নী জেনারেল ভবন, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, রমনা, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০৩. অফিস কপি।